তারিখ ... 18 APR 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

দৈনিক বাংলা

54

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# পরীক্ষকের অসহযোগিতা ফল প্রকাশে বিলম্ব

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : রাজশাহী ১৭ এপ্রিল।–রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগের ১৯৯২ সালের সম্মান প্রথম বর্ষ পরীক্ষার ফলাফল দীর্ঘ ৫ মাসেও প্রকাশিত হয়নি। ফলে কয়েকশ ছাত্র–ছাত্রী বিপাকে পড়েছে। বিভাগগুলো হলো ইংরেজী, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মনোবিজ্ঞান এবং ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা। পরীক্ষকদের অসহযোগিতার জন্যে ফল প্রকাশে বিলম্ব হচ্ছে।

পরীক্ষা নিয়ন্ত্রণ দফতর সূত্রে জানা গেছে, এসব বিভাগের প্রথম বর্ষ সম্মান পরীক্ষা গত বছরের নবেম্বর মাসে শুরু হয়ে ডিসেম্বর মাসেই শেষ হয়। বিশ্ব-বিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ২ মাসের মধ্যেই যেকোন পরীক্ষার ফলাফল প্রকাশ করতে হবে। সেখানে দীর্ঘ প্রায় ৫ মাসেও উল্লিখিত বিভাগগুলো ১৯৯২ সালের প্রথম বর্ষ সম্মান পরীক্ষার ফলাফল ঘোষণা করতে পারেনি।

এদিকে, ফলাফল ঘোষণা না করেই বিভাগগুলোর দ্বিতীয় বর্ষের ক্লাস শুরু করেছেন বিভাগগুলো। তাছাড়া পরের সেশনের প্রথম বর্ষের পরীক্ষার তারিখ ইতোমধ্যে নির্ধারণ করা হয়েছে। ফলে, ছাত্র–ছাত্রীরা মারাত্মক সমস্যায় পড়েছে। তারা না পারছে দ্বিতীয় বর্ষের ক্লাস করতে না পারছে প্রথম বর্ষের ক্লাস করতে। বিশেষ করে যারা অকৃতকার্য হবে তাদের দুর্ভোগ আরো বেশি হবে।

এ ব্যাপারে বিভাগীয় পরীক্ষা কমিটির চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে জানা গেছে, পরীক্ষকদের অসহযোগিতার জন্যই ফলাফল প্রকাশে বিলম্ব ঘটছে।